

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং-১৬৮-আইন/২০১৮/৭৯১-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনাম সংখ্যা (Heading Nos) 85.17 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ (H.S. Code) কোডের আওতাধীন কলাম (3) এ বর্ণিত মোবাইল টেলিফোন সেট/সেলুলার ফোন, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, এর স্থানীয় উৎপাদন পর্যায়ে এবং উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত প্রয়োজনীয় উপকরণ আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তাবলী:

- (ক) সংযোজনকারী প্রতিষ্ঠান ব্যতীত উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে;
- (খ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে Bangladesh Investment Development Authority (BIDA) হইতে উৎপাদক হিসাবে নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (গ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন হইতে উৎপাদনের নিবন্ধন গ্রহণ করিতে হইবে;
- (ঘ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের ন্যূনতম পার্টস বা যন্ত্রাংশ, যেমন: Printed Circuit Board (PCB), Charger, Battery, Housing & Casing উৎপাদনের সক্ষমতা থাকিতে হইবে এবং তৎলক্ষ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি উহার কারখানা প্রাঙ্গণে স্থাপিত থাকিতে হইবে;
- (ঙ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব মেশিনারী যেমন:- Solder Paste Printer, Pick & Place Machine, Auto Air Wave Soldering Machine with Sprayer, Solder Paste Inspection Machine, Automatic Optical Inspection Machine, Reflow Oven Machine,

Temperature and Humidity Tester, Mobile Phone Network Testing Machine, PCB Manufacturing Project, Flying Probe Testing Machine, High Voltage Universal Grid Tester, Cutting Machine, V-Cut Machine, Drilling Machine, Routing Machine, DES (Developing, Etching & Stripping) Line, Direct Metallization Line এবং Effluent Treatment Plant (ETP) থাকিতে হইবে;

- (চ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে ন্যূনতম ৩০% মূল্য সংযোজন করিতে হইবে;
- (ছ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে যে কোন সময় কর্মরত জনবলের সংখ্যা ন্যূনতম ২৫০ (দুইশত পঞ্চাশ) জন থাকিতে হইবে এবং জনবল নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশি নাগরিকগণকে অগ্রাধিকার প্রদান করিতে হইবে;
- (জ) এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে উপরি-উক্ত দফা (ক) হইতে (ছ) এ উল্লিখিত শর্তাদি প্রতিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ, জাতীয় রাজস্ব বোর্ডের নিকট আবেদন করিতে হইবে;
- (ঝ) উপরি-উক্ত দফা (জ) এর অধীন দাখিলকৃত আবেদনের ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গঠিত নিম্নবর্ণিত পরিদর্শন কমিটির প্রতিবেদন উক্ত বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে, যথা:-

কমিটির গঠনঃ

- (১) দ্বিতীয় সচিব (মূসক), জাতীয় রাজস্ব বোর্ড;
 - (২) সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা;
 - (৩) সংশ্লিষ্ট মূসক সার্কেলের রাজস্ব কর্মকর্তা।
- (ঞ) উপরি-উক্ত দফা (ঝ) তে বর্ণিত কমিটি, কমিটি গঠনের অনধিক ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে, উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডের নিকট দাখিল করিবে এবং উক্ত বোর্ড, দাখিলকৃত প্রতিবেদনে প্রজ্ঞাপনের শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হওয়া সাপেক্ষে, প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, বিষয়টি নিষ্পত্তি করিবে এবং বোর্ডের অনুমোদন প্রাপ্তির পর অনুমোদনের তারিখ হইতে অব্যাহতি সুবিধা প্রদান করা হইবে।

২। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে কোন উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৩১, ৩২, ৩৫ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৩। উপরোউল্লিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ ২ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৪। এই প্রজ্ঞাপনের আওতায় অব্যাহতি সুবিধা ভোগকারী কোন প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা তাহা যথোপযুক্ত অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড যে কোন সময় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে। উক্ত অনুসন্ধানের প্রেক্ষিতে এই প্রজ্ঞাপনের কোন শর্ত প্রতিপালিত হইতেছে না মর্মে প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট উৎপাদনকারীর বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে এবং প্রদত্ত অব্যাহতি সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব